


Manab Dharmer Unmesh O Bikash: Prasanga `Sahajada Darasuko



মানব ধর্মের উন্মেষ ও বিকাশ : প্রসঙ্গ

‘শাহজাদা দারাশুকো’

বরুণ মণ্ডল

বিংশ শতাব্দীর শেষ দশকে বাংলা সাহিত্যের আলোড়ন সৃষ্টিকারী একটি উপন্যাস ‘শাহজাদা দারাশুকো’। ঔপন্যাসিক শ্যামল গঙ্গোপাধ্যায় এই উপন্যাসটিতে মুঘল আমলের ইতিহাসকে জীবন্ত করে তুলেছেন। জাহাঙ্গিরের শাসনকাল থেকে আরম্ভ করে শাহজাহানের শাসনকালের সুদীর্ঘ সময়কালকে উপন্যাসে তুলে ধরেছেন। এক্ষেত্রে ঔপন্যাসিক ইতিহাসের প্রতি দায়বদ্ধতা যেমন দেখিয়েছেন তেমনি বহুবিধ ভাবনারও প্রকাশ ঘটিয়েছেন। শাসনব্যবস্থার খুঁটিনাটি দিক, মুঘল শাসকদের ব্যক্তিগত ও দৈনন্দিন জীবনযাপন তুলে ধরার সঙ্গে সঙ্গে আকবর ও তৈমুরের নির্দেশনামা-র বিষয়গুলিও তুলে ধরেছেন। তবে এই উপন্যাসের মূলে রয়েছে গভীর ধর্মবোধ। সেই ধর্ম গোঁড়াপন্থী, সংস্কারাঙ্ক ধর্ম নয়— সে ধর্ম মানবধর্ম। ধর্মের মূলে অর্থাৎ বীজে যা কিনা ‘পরমসত্য’; সেই পরমসত্যের সন্ধানই উপন্যাসের মূল উপজীব্য হয়ে উঠেছে। আর এই ধর্মভাবনা যাঁর চিন্তাভাবনাকে কেন্দ্র করে প্রকাশলাভ করেছে তিনি হলেন শাহজাহানের ‘পহেলা আওলাদ’ সুলতান মহম্মদ দারাশুকো।

মুঘল দরবারে দারাশুকো অন্তর থেকে ছিলেন এক এবং একক। যিনি শৈশব থেকেই প্রকৃতির প্রতিটি অণুতে অনুভব করেছিলেন ঈশ্বরের সর্বব্যাপী রূপ। অনুসন্ধান করেছেন আল্লার কাছে পৌঁছানোর ‘প্রকৃত পথের’। যে পথে কোনো আবিলতা নেই—আছে অপার আনন্দ। এই ‘আনন্দরূপমমৃতম্’ জগতের রহস্য খুঁজতে গিয়ে তিনি সন্ধান পেয়েছেন মানবধর্মের। মানবকল্যাণই যে প্রকৃত ধর্ম তা তিনি বুঝতে পেরেছিলেন। ‘যুগের থেকে এগিয়ে’ থাকা এই মানুষটির চেতনায় মানুষে মানুষে কোনো ভেদাভেদ ছিল না। যিনি মনে করতেন ধর্ম কারও একার নয়। পৃথিবীর সব ধর্মের মূলে রয়েছে পরম সত্য। আর এই সর্বধর্ম সমন্বয়ের বার্তা তিনি সকলের মধ্যে ছড়িয়ে দিতে চেয়েছিলেন বলেই ‘ধর্মের ব্যবসায়ী’-দের কাছে চক্ষুশূল হয়ে উঠেছিলেন।

দারার সর্বধর্ম সমন্বয়ী চেতনাকে জানতে গেলে, বুঝতে হলে— প্রথমেই জানা দরকার মুঘল শাহজাদার এই মুক্ত চিন্তার উৎস কোথায়? কোনো একক উৎসস্থল থেকে কি তাঁর এই চেতনার সূত্রপাত ঘটেছিল? নাকি এর পেছনে বহুবিধ বাঁক তিনি পেরিয়ে এসেছিলেন? সঙ্গে সঙ্গে সেই সময়কালটাকে জেনে নেওয়াও জরুরি।

তিনি কন্যা সন্তান জন্মের পর খুরম ও আরজুমন্দের পুত্রসন্তান দারাশুকোর জন্ম হয় আজমীর শরীফে। ইউনানি মতে অত্যন্ত শুভ সময়ে দারাশুকোর জন্ম। তবে যাই